

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৪১৬১

৩১/ পার্থিব ভোগবিলাসের প্রতি অনাসক্তি (کتاب الزهد) পরিচ্ছেদঃ ৩১/১৩. ইমারত নির্মাণ ও ধ্বংস

بَابِ فِي الْبِنَاءِ وَالْخَرَابِ

আরবী

حَدَّثَنَا الْعَبَّاسُ بْنُ عُتْمَانَ الدِّمَشْقِيُّ، حَدَّثَنَا الْوَلِيدُ بْنُ مُسْلِمٍ، حَدَّثَنَا عِيسَى بْنُ عَبْدِ اللَّعْلَى بْنِ أَبِي فَرْوَةَ، حَدَّثَنِي إِسْحَاقُ بْنُ أَبِي طَلْحَةَ، عَنْ أَنسٍ، قَالَ مَرَّ رَسُولُ اللَّهِ على الله عليه وسلم - بِقُبَّةٍ عَلَى بَابِ رَجُلٍ مِنَ الأَنْصَارِ فَقَالَ " مَا هَذِهِ " . قَالُوا قُبَّةٌ بَنَاهَا فُلاَنٌ . قَالَ رَسُولُ اللَّهِ - صلى الله عليه وسلم - " كُلُّ مَالٍ يَكُونُ هَكَذَا فَهُو وَبَالٌ بَنَاهَا فُلاَنٌ . قَالَ رَسُولُ اللَّهِ - صلى الله عليه وسلم - " كُلُّ مَالٍ يَكُونُ هَكَذَا فَهُو وَبَالٌ عَلَى صَاحِبِهِ يَوْمَ الْقِيَامَةِ " . فَبَلَغَ الأَنْصَارِيُّ ذَلِكَ فَوَضَعَهَا فَمَرَّ النَّبِيُّ - صلى الله عليه وسلم - بَعْدُ فَلَمْ يَرَهَا فَسَأَلَ عَنْهَا فَأَخْبِرَ أَنَّهُ وَضَعَهَا لِمَا بَلَغَهُ عَنْكَ فَقَالَ " يَرْحَمُهُ اللَّهُ وسلم - بَعْدُ فَلَمْ يَرَهَا فَسَأَلَ عَنْهَا فَأَخْبِرَ أَنَّهُ وَضَعَهَا لِمَا بَلَغَهُ عَنْكَ فَقَالَ " يَرْحَمُهُ اللَّهُ يَرْحَمُهُ اللَّهُ " .

বাংলা

২/৪১৬১। আনাস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক আনসারীর গোলাকার ঘরের নিকট দিয়ে যাচ্ছিলেন। তিনি জিজ্ঞাসা করলেনঃ এটা কী? তারা বলেন, এটা অমুকের তৈরী একটি গোলাকার ঘর। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ এরূপ যে কোন সম্পদ কিয়ামতের দিন তার মালিকের জন্য বিপদের কারণ হবে। এ কথা আনসারীর নিকট পৌঁছলে তিনি ঘরখানি ভেঙ্গে ফেলেন। পরে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সেই পথে যেতে ঘরটি না দেখতে পেয়ে এ সম্পর্কে জিজ্ঞেস করেন। তাঁকে জানানো হলো, আপনার কথা তার কানে পৌঁছার পর সে তা ভেঙ্গে ফেলেছে। তিনি বলেনঃ আল্লাহ তার প্রতি দয়া করুন, আল্লাহ তার প্রতি দয়া করুন।

English

It was narrated that Anas said:

"The Messenger of Allah (ﷺ) passed by a dome-shaped structure at the door of a man among the Ansar and said: 'What is this? 'They said: 'A dome that



was built by so-and-so.' The Messenger of Allah (ﷺ) said: 'All wealth that is like this (extravagant) will bring evil consequences to its owner on the Day of Resurrection.' News of that reached the Ansari, so he demolished it. Then the Prophet (ﷺ) passed by (that place) later on and did not see it. He asked about it and was told that its owner had demolished it because of what he had heard from him. He said: 'May Allah have mercy on him, may Allah have mercy on him.'"

ফুটনোট

আবৃ দাউদ ৫২৩৭, আত-তালীকুর রাগীব ৩/৫৬, যইফাহ ১৭৬। তাহকীক আলবানীঃ যইফ। উক্ত হাদিসের রাবী ১. আল-আব্বাস বিন উসমান আদ-দিমাশকী সম্পর্কে আবুল হাসান বিন সুমায় বলেন, তিনি সিকাহ। আবু হাতিম বিন হিব্বান বলেন, তিনি কখনো কখনো সিকাহ রাবীর বিপরীত হাদিস বর্ণনা করেন। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় ভুল করেন। ইমাম যাহাবী বলেন, তিনি সিকাহ। (তাহযীবুল কামালঃ রাবী নং ৩১৩২, ১৪/২৩৩ নং পৃষ্ঠা) ২. ঈসা বিন আবদুল আ'লা বিন আবু ফারওয়াহ সম্পর্কে আবুল হাসান ইবনুল কান্তান বলেন, তার অবস্থা সম্পর্কে আমার জানা নাই। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি মাজহুল বা অপরিচিত। ইমাম যাহাবী বলেন, তার অবস্থা সম্পর্কে জানা সম্ভব হয়নি। (তাহযীবুল কামালঃ রাবী নং ৪৬৩৬, ২২/৬২৫ নং পৃষ্ঠা)

হাদিসের মান: যঈফ (Dai'f) প্নঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন